

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
অধিশাখা-২(মাঠ প্রশাসন)
www.minland.gov.bd

স্মারক নম্বর-৩১.০০.০০০০.০৪৬.৬৮.০১৭.১৬.১০৯

৩০ মাঘ ১৪২৫ বঙ্গাব্দ
তারিখ:-----
১২ ফেব্রুয়ারি ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়: এল.টি নোটিশমূলে নামজারিকরণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন, ১৯৫০ (The State Acquisition and Tenancy Act, 1950)-এর ১৪৩ ধারা এবং তৎসহ ১১৬/১১৭ ধারার ক্ষমতাবলে কালেক্টর/রাজস্ব অফিসারের উপর নামজারি, জমাভাগ ও জমা একত্রীকরণের ক্ষমতা অর্পণ করা হয়েছে। ভূমি ব্যবস্থাপনা যুগোপযোগী ও আধুনিকায়নে চলমান কার্যক্রমসমূহ ত্বরান্বিতকরণের লক্ষ্যে সাব-রেজিস্ট্রার অফিস হতে এলটি নোটিশ পাওয়ার পর সহকারী কমিশনার (ভূমি) যথানিয়মে নামজারি মামলা রুজু করে প্রয়োজনীয় বিধি অনুসরণপূর্বক স্বল্প সময়ের মধ্যে সংশ্লিষ্ট জমির নামজারি সম্পন্ন করার ভূমি মন্ত্রণালয়ের ২৫-১০-২০১৬ খ্রিস্টাব্দ তারিখের ৩১.০০.০০০০.০৪২.৬৭.০২৬.১৬.৯৪৩ নম্বর স্মারকে পরিপত্র জারি করা হয় (চিত্র প্রতিলিপি সংযুক্ত)। এর ধারাবাহিকতায় সর্বশেষ গত ১০/১২/২০১৮ তারিখে উক্ত পরিপত্রের নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে পুনরায় অনুরোধ করা হয় (চিত্র প্রতিলিপি সংযুক্ত)।

০২। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক আয়োজিত National Committee for Monitoring Implementation of Doing Business Reforms (NCMID)-এর ৩য় সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের লক্ষ্যে ঢাকা মহানগর ও ঢাকা জেলার বিভিন্ন রাজস্ব সার্কেলের সহকারী কমিশনার (ভূমি), বিভিন্ন জেলার সাব-রেজিস্ট্রার, কানুনগো, সার্ভেয়ার ও ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাসহ ভূমি মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন সংস্থা/ দপ্তরের কর্মকর্তাগণের সমন্বয়ে গত ১৬-০১-২০১৯ খ্রিস্টাব্দে ভূমি মন্ত্রণালয়ে একটি মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সাব-রেজিস্ট্রি অফিস হতে সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি) অফিসে প্রেরিত এল.টি নোটিশে কেবল কতিপয় প্রয়োজনীয় তথ্য থাকায় উক্ত তথ্যের ওপর ভিত্তি করে প্রত্যাশিত নামজারি সম্পন্ন করা সম্ভবপর হচ্ছে না এবং এলটি নোটিশের সঙ্গে সম্পাদিত দলিলের অতিরিক্ত কপি ও প্রাসঙ্গিক তথ্যাদি পাওয়া গেলে এল.টি নোটিশের ভিত্তিতে নামজারি সম্পন্ন করা যাবে মর্মে সভা অবহিত হয়। উক্ত সভার অনুবৃত্তিক্রমে ইতোমধ্যে সাধারনভাবে প্রাপ্ত নামজারি এবং এল.টি নোটিশ বুনিয়েদে প্রাপ্ত নামজারি নিষ্পত্তির সময়সীমা হাসপূর্বক ভূমি মন্ত্রণালয় হতে ১১-০২-২০১৯ তারিখে ৩১.০০.০০০০.০৪৬.৬৮. ০১৭.১৬.১০৮ স্মারকে পরিপত্র জারি করা হয়েছে (চিত্র প্রতিলিপি সংযুক্ত)।

০৩। এমতাবস্থায়, জনস্বার্থের বিষয়টি বিবেচনাপূর্বক এল.টি নোটিশ বুনিয়েদে নামজারির ক্ষেত্রে সাব-রেজিস্ট্রি অফিসে দলিল সম্পাদনের পরপরই সম্পাদিত দলিলের একটি অতিরিক্ত কপি সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি)-এর দপ্তরে প্রেরণের লক্ষ্যে অনুশাসন জারি/যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।

মোঃ মাকছুদুর রহমান পাটওয়ারী

ভারপ্রাপ্ত সচিব

ভূমি মন্ত্রণালয়

ফোন নম্বর: +৮৮-০২-৯৫৪৫১৩১

ফ্যাক্স নম্বর: ০২-৯৫৪০০২৫

ই-মেইল: secretary@minland.gov.bd

সিনিয়র সচিব

আইন ও বিচার বিভাগ

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য।

স্মারক নম্বর-৩১.০০.০০০০.০৪৬.৬৮.০১৭.১৬.১০৯/১(৬৫০)

৩০ মাঘ ১৪২৫ বঙ্গাব্দ
তারিখ:-----
১২ ফেব্রুয়ারি ২০১৯ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০২। নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, প্লট-ই-৬ বি, আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা।
- ০৩। চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড/ ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
- ০৪। বিভাগীয় কমিশনার.....(সকল)।
- ০৫। জেলা প্রশাসক.....(সকল)।
- ০৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়।
- ০৭। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব).....(সকল)।
- ০৮। উপজেলা নির্বাহী অফিসার.....(সকল)।
- ০৯। সহকারী কমিশনার (ভূমি).....(সকল)।
- ১০। সহকারী কমিশনার (ভূমি).....রাজস্ব সার্কেল।
- ✓ ১১। সহকারী প্রোগ্রামার, ভূমি মন্ত্রণালয় (ওয়েবসাইটে আপলোডকরণের অনুরোধসহ)।
- ১২। অফিস কপি।


(মোহাম্মদ কামরুল ইসলাম চৌধুরী)
উপসচিব
ফোন-৯৫৪০১৭২